# বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

## "ইনোভেশন টিম" এর ২০১৮-১৯ অর্থবছরে অনুষ্ঠিত ১২তম সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ আলাউদ্দীন আল আজাদ
মহাব্যবস্থাপক (উৎপাদন পরিকল্পনা ও মান নিয়ন্ত্রণ)
বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা

স্থানঃ বাকেশি সভা কক্ষ।
তারিখঃ ১৩-০৬-২০১৯ খ্রিঃ।
সময়ঃ ১১-০০ ঘটিকা।

**সভায় উপস্থিত ইনোভেশন টিমের অন্যান্য সদস্যবৃন্দ হলেনঃ**

| ক্রঃ নং | নাম ও পদবী | ইনোভেশন টিমে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ এনামুল হক<br>উপ-মহাব্যবস্থাপক (উৎঃপরিঃ ও মাঃনিঃ) | সদস্য | |
| ২ | জনাব মোঃ আরিফুর রহমান<br>উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) | সদস্য | |
| ৩ | জনাব শরীফ বদিউজ্জামান<br>উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) অঃ দাঃ | সদস্য | |

**আলোচ্য সূচীঃ**

১। ২০১৮-১৯ অর্থবছরের প্রণীত উদ্ভাবনী কর্মপরিকল্পনা পর্যালোচনা।

২। ২০১৮-১৯ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ণ কার্যক্রম পরিবীক্ষণ।

৩। ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ।

৪। বিবিধ।

আলোচ্য বিষয়-১: **২০১৮-১৯ অর্থবছরের প্রনীত উদ্ভাবনী কর্মপরিকল্পনা পর্যালোচনা।**

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনায় উল্লিখিত বিভিন্ন বিষয়ের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।

টিমের সদস্য উপ-মহাব্যবস্থাপক (উৎঃপরিঃ ও মাঃনিঃ) জানান, বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ এর বাস্তবায়ন অগ্রগতির অংশ হিসেবে ইতোমধ্যে ১টি উদ্ভাবনী উদ্যোগকে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ব্যবস্থাপনায় বিগত ১১-০৫-২০১৯ খ্রিঃ তারিখে ঢাকায় অনুষ্ঠিত শোকেসিং-২০১৯ সম্পর্কিত মেলায় উপস্থাপন করা হয়। এই উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরী করে তা প্রকাশনা ও বাকেশি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

কমিটির সদস্যবৃন্দ জানান, প্রতিষ্ঠানের উদ্ভাবনী কার্যক্রম পরিচালনা ও চর্চার ফলে সকলের দৃষ্টিভঙ্গির কিছুটা হলেও পরিবর্তন পরিলক্ষিত হয়েছে এবং প্রশিক্ষণ/সেমিনার হতে আহরিত জ্ঞান ও অভিজ্ঞতার ফলাফল নিজ নিজ কর্মক্ষেত্রে ক্রমান্বয়ে প্রতিফলিত হচ্ছে। এই ধারাবাহিকতা অব্যাহত থাকলে প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে সকলের ঐক্যবদ্ধ অংশগ্রহণসহ উদ্ভাবনী আইডিয়া প্রদান ও বাস্তবায়নে ইতিবাচক প্রভাব পড়বে।

আলোচ্য বিষয়-২ ও ৩: বিগত ১৬-০৭-২০১৮ খ্রিঃ তারিখে প্রণীত ২০১৮-১৯ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি ও মন্ত্রীপরিষদ কর্তৃক প্রনীত মূল্যায়ন কাঠামোর আলোকে ২০১৮-১৯ এর বাকেশি'র বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সহ বিগত সভার সিদ্ধান্ত পর্যালোচনা সম্পর্কিত কমিটির পর্যবেক্ষণ ও কার্যক্রম নিম্নে বর্ণিত হলোঃ

| ক্রমিক নং | ২০১৮-১৯ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা | উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন কার্যক্রম | উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১। | পণ্য উৎপাদনে খরচ ও সময় কমানোর কৌশল উদ্ভাবন এবং তা বাস্তবায়নের উদ্যোগ। | পণ্য উৎপাদনে খরচ কমানোর ক্ষেত্রে বাস্তব অবস্থা পর্যবেক্ষণে বেশ কিছু পণ্যের উৎপাদন ব্যয় কমানো হয়েছে।<br>এছাড়া পণ্য উৎপাদনে সময় কমানোর কৌশল নিয়ে সচেতনতা তৈরী হয়েছে ও সংশ্লিষ্ট বিভাগ কাজ করছে। | সকলের প্রচেষ্টায় পণ্যের উৎপাদন ব্যয় কমানোর কার্যক্রম অব্যাহত আছে। ফলে দেশীয় প্রতিযোগীতামূলক বাজারে অবদান রাখার সুযোগ সৃষ্টি হয়েছে এবং ক্রেতার আগ্রহ লক্ষ্য করা যাচ্ছে। |
| ২। | একটি HDPE Silicon Duct মেশিন স্থাপন ও চালু করা। | প্ল্যান্টের বার্ষিক উৎপাদন ক্ষমতা বৃদ্ধিতে নতুন ১টি মেশিন সংগ্রহে চীনা প্রতিষ্ঠানের সাথে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী যথাসময়ে মেশিনটি স্থাপন ও চালুকরণ। ফলে নিরবিচ্ছিন্ন উৎপাদন পরিচালনা ও বিভিন্ন প্রকৃতির ডাক্ট তৈরীর ক্ষেত্রে কার্যকর অবদান রাখা সম্ভব হবে। উৎপাদন ব্যয় সংকোচনেও কার্যকর ভূমিকা রাখার চেষ্টা করা হবে। | মেশিনটি বর্তমানে বাণিজ্যিক উৎপাদনে অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে।<br>উৎপাদন ব্যয় কমানোর ক্ষেত্রে ডাক্ট পাইপের রি-সাইক্লিং পদ্ধতি ব্যবহার করা হচ্ছে যা কার্যকর ভূমিকা রাখছে। |
| ৩। | বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনস্যুলেটেড ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপন ও চালু করণসহ cost-effective ও উন্নতমানের পণ্য উদ্ভাবন ও বাজারজাতকরণ। | প্ল্যান্ট সরবরাহকারী সাথে দ্বি-পাক্ষিক চুক্তি অনুযায়ী যথাসময়ে প্ল্যান্ট স্থাপন ও পরীক্ষামূলক উৎপাদন সম্পন্ন করণ। এ কাজ সফলভাবে সম্পন্ন হওয়ার পর cost-effective ও উন্নতমানের পণ্য উদ্ভাবন করা হবে। একই সাথে পণ্য সম্পর্কে প্রচার ও বাজারজাতকরণেও উল্লেখযোগ্য কার্যক্রম হাতে নেয়া হবে। | কারখানা ভবন নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। প্ল্যান্টের মেশিনারীজ ও ইক্যুইপমেন্ট স্থাপনে মেশিন সরবরাহকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি কাজ শুরু করে ৮৫% সম্পন্ন করেছে। আগামী জুলাই-২০১৯ এর মধ্যে প্ল্যান্টটি চালু হবে বলে আশা করা যাচ্ছে।<br>পণ্য সম্পর্কে প্রচারণা ও বাজারজাতকরণে ক্যাটালগ, লিফলেট তৈরী এবং কোম্পানী প্রোফাইল হালনাগেদের কাজ হাতে নেয়া হয়েছে। |
| ৪। | ওয়েব-সাইট নিয়মিত হালনাগাদ করণ ও জনবান্ধব নতুন নতুন feature উদ্ভাবন ও সংযোজন করা। | ওয়েব পেজ আপগ্রেড করণ একটি চলমান প্রক্রিয়া যা অব্যাহত আছে। এতে দেশীয় ও আন্তর্জাতিক ভাবে প্রতিষ্ঠানের পরিচিতি বৃদ্ধি পাচ্ছে। | ওয়েব পেজ নিয়মিত আপডেট ও নতুন feature সংযুক্তির কার্যক্রম সক্রিয় আছে। |
| ৫। | মার্কেটিং কার্যক্রম সম্প্রসারণের কৌশল উদ্ভাবন ও বাস্তবায়ন। | মার্কেটিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে প্রচার ও প্রসার সর্ম্পকিত কার্যক্রম বৃদ্ধি, নতুন কৌশল উদ্ভাবন, ক্রেতার সাথে সার্বক্ষণিক যোগাযোগ ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ হতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | বাকেশি'র পরিচিতি বৃদ্ধিসহ ব্যবসায়িক প্রচার-প্রচারনা কার্যক্রম অধিক সম্প্রসারণের লক্ষ্যে ক্রেতার সাথে যোগাযোগ ও বাকেশির পণ্য ক্রয়ে উৎসাহিত করার কাজ সক্রিয় আছে।<br>বাকেশি'র সাথে সংশ্লিষ্ট অংশীজনদের সাথে মত বিনিময় ও পরামর্শ গ্রহণসহ ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণের জন্য আচীরেই সভা/সেমিনারের আয়োজন করা হবে। |
| ৬। | দক্ষ জনবল ও কম্পিউটার সংখ্যা বৃদ্ধির মাধ্যমে উদ্ভাবণী চর্চার সম্প্রসারণ। | দক্ষ জনবল তৈরীর জন্য প্রশিক্ষণ প্রদানসহ প্রতিষ্ঠানের কম্পিউটারের সংখ্যা আরও বৃদ্ধির বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এতে, উদ্ভাবনী চর্চার ক্ষেত্র আরও সম্প্রসারিত হবে। | জনবলের দক্ষতার উন্নয়নে প্রতিষ্ঠানের পক্ষ থেকে নিয়মিত ইন-হাউজ প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার সংখ্যা বৃদ্ধির বিষয়টি সক্রিয় বিবেচনাধীন আছে। |
| ৭। | কার্যকর প্রশিক্ষণ উদ্ভাবন ও তা বাস্তবায়ন। | নৈতিকতা ও শুদ্ধাচার চর্চার জন্য নতুন চিন্তা, চেতনা ও কৌশল নির্ধারণের জন্য নিয়মিত উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রাখা। | নৈতিকতা ও শুদ্ধাচার কৌশল চর্চায় প্রতিষ্ঠানের সকলকে নিয়মিত ইন-হাউজ প্রশিক্ষণের মাধ্যমে অবহিতকরণসহ বাস্তবায়নে ঐকান্তিক প্রচেষ্টা চলমান রয়েছে।<br>উদ্ভাবনী কর্মপরিকল্পনার অংশ হিসেবে ইতোমধ্যে সেমিনার, ২ দিন ও ৫ দিনের প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন করা হয়েছে।<br>এছাড়া, ১৮/০৬/২০১৯ খ্রিঃ তারিখে বাকেশি সভাকক্ষে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক গুরুত্বপূর্ণ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। |

| | | | |
|---|---|---|---|
| ৮। | সেবা সহজীকরণের জন্য ১টি নতুন সেবা উদ্ভাবন ও বাস্তবায়ন | বাকেশি'র কাজের সাথে সম্পৃক্ত জনগণকে অতি সহজে ও নির্বিঘ্নে সেবা প্রদানের জন্য ১টি সেবা সহজীকরণ। | জনবান্ধব সেবা নির্বাচনের জন্য প্রতিষ্ঠানের পক্ষ থেকে ইতোমধ্যে ১টি ই-সেবা চালুপূর্বক ওয়েবসাইটে সংযুক্ত করা হয়েছে ও ১টি সেবা সহজীকরণের জন্য হেল্প ডেক্স চালু করা হয়েছে। |

আলোচ্য বিষয়-৪: বিবিধ।

বর্ণিত কর্মপরিকল্পনাগুলির সক্রিয় বাস্তবায়নে প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীর অংশগ্রহণ ও সহযোগীতা নিয়ে কার্যক্রম চলমান রাখা হয়েছে। কোন বিষয়ে পরামর্শ বা নির্দেশনার প্রয়োজন হলে টিম কর্তৃপক্ষের সাথে আলোচনা করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করছে।

**গৃহীত কর্মপরিকল্পনাগুলোর কার্যকরী বাস্তবায়নে আলোচনান্তে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ**

১। চলমান অর্থবছরের উদ্ভাবনী আইডিয়াগুলোর সফল ও টেকসই বাস্তবায়নে ইনোভেশন টিমের সর্বাত্বক সহযোগীতা অব্যাহত রাখা।

২। নৈতিকতা ও শুদ্ধাচার চর্চায় মেধা বিকাশ ও মানিসকতার উন্নয়নে সকলকে উদ্যোমী ও উৎসাহিত করতে হবে।

৪। প্রতি মাসে কমিটির ১টি সভা আহবান করে অগ্রগতি পর্যালোচনা ও পরিবীক্ষণ ব্যবস্থা সচল রাখতে হবে।

৫। ইনোভেশন টিমের কার্যক্রমের সকল প্রতিবেদন ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। তথ্য বাতায়নের ইনোভেশন কর্ণারে সভার কার্যবিবরণী আপলোড করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**(মোঃ আলাউদ্দীন আল আজাদ)**
মহাব্যবস্থাপক (উৎঃপরিঃ ও মাঃনিঃ)
ও
চিফ ইনোভেশন অফিসার।